আল্লাহ ওয়ালাদের মকবূল

মুনাজাত ও তারানা



সংকলন ও অনুবাদ

মাও. ইবরাহীম সেনবাগী

তাকমীল ও ইফতা দারুল উলূম হাটহাজারী

আল্লাহ ওয়ালাদের

মকবূল মুনাজাত

ও

তারানা

https://t.me/islaMic_fdf

সংকলন ও অনুবাদ

মাও. ইবরাহীম সেনবাগী

তাকমীল ও ইফতা, দারুল উলূম হাটহাজারী

আলহামদুলিল্লাহ উক্ত মুনাজাত ও তারানাগুলো এখন অনুবাদকের কণ্ঠের অডিও-বিডিও পাওয়া যাচ্ছে। মুনাজাতগুলো শুনতে ইউটিউব চ্যানেলটি সাবস্কাইব করুন–

You Tub. Al Islah Media
F. Al Islah Media
www.alislahmedia@gmail.com

প্রকাশনায়

মাকতাবায়ে ইকরা

সেনবাগ, নোয়াখালী।

মোবাইল : ০১৭৯৪৭২৪৪৯৮

সংকলন ও অনুবাদ
মাওলানা ইবরাহীম সেনবাগী
মোবাইল : ০১৭৯৪৭২৪৪৯৮

সম্পাদনায়
মাওলানা শাহেদুর রহমান সন্দীপি
বিশিষ্ট সাহিত্যিক ও গবেষক

সহযোগিতায়
মাওলানা সাইফুল ইসলাম নারায়নগঞ্জি

সর্বস্বত্ব
সংকলক ও অনুবাদক কর্তৃক সংরক্ষিত

প্রথম মুদ্রণ
রবিউল আউয়াল ১৪৩৮ হি.
দ্বিতীয় মুদ্রণ
সফর ১৪৪০ হি.
চতুর্থ মুদ্রণ
সফর ১৪৪৭ হি.

হাদিয়া : ১৩০ টাকা মাত্র

পরিবেশনায়
মাকতাবাতুল ইত্তিহাদ
কওমি মার্কেট, বাংলাবাজার, ঢাকা-১১০০
০১৯৩৫-২৮৯৮৩২

প্রাপ্তিস্থান
মাকতাবাতুর রশীদ ও রশীদিয়া স্টেশনারি
রশীদিয়া মার্কেট, ফেনী
ইকরা লাইব্রেরি বড় মসজিদ মার্কেট, ফেনী
আজিজিয়া লাইব্রেরি কোট মসজিদ মার্কেট, ফেনী

সূচিপত্র

১) মুনাজাতে আকাবের ৮
২) মুনাজাতে আল্লামা বূছীরী রহ. ৯
৩) কসিদায়ে হাকিম সনায়ী রহ. ১১
৪) মুনাজাতে হযরত কাসেম নানূতুবী রহ. ১৩
৫) মুনাজাতে হযরত মুফতীয়ে আযম ফয়যুল্লাহ রহ. ১৪
৬) মুনাজাতে হযরত শেখ ফরীদ উদ্দীন আত্তার রহ. ১৬
৭) মুনাজাতে হযরত শেখ সাদী রহ. ১৮
৮) মুনাজাতে হযরত মুফতী আযিযুল হক রহ. ১৯
৯) মছনবীয়ে আল্লামা জামী রহ. ২১
১০) এ দোয়া সবসময় করা চাই, আল্লামা রূমি রহ. ২৪
১১) মুনাজাতে হযরত যুল ফিকার আহমদ ২৫
১২) মুনাজাতে হযরত আশরাফ আলী থানবী রহ. ২৬
১৩) ইলহা ও গেরইয়াযারী, আল্লামা হালী রহ. ২৭
১৪) তারানায়ে আল্লামা ইকবাল রহ. ২৯
১৫) দোয়া আল্লামা ইকবাল রহ. ৩০
১৬) শানে উলামা ও তুলাবা আল্লামা যামাখশরী রহ. ৩১
১৭) হামদে বারী তাআলা. ৩২
১৮) বাচ্চে কী দোআ, আল্লামা ইকবাল রহ. ৩৪
১৯) না'তে রসূলে পাক সা., কারী তয়্যিব রহ. ৩৫
২০) ইযহারে তামান্না, মুফতী আযিযুল হক রহ. ৩৬
২১) তাসকীনে জিগার, আল্লামা আবু তাহের নদবী (দা.বা.) ৩৭
২২) না'তে সরকারে আলম সা., আল্লামা আইয়ূব রহ. ৩৯
২৩) আয়ে হাদিয়ে আলম সা. ৪০
২৪) খতমে রসূল সা. ৪১
২৫) ফয়যানে মদীনা, হাকীম মুহা. আখতার রহ. ৪১
২৬) লয্যতে জিকরে নামে খোদা, হাকিম মুহা. আখতার রহ. ৪৩
২৭) রওযায়ে আতহার, আল্লামা মূসা খতীবী রহ. ৪৪
২৮) হাম নগমায়ে কুরআনী ৪৫
২৯) উলামা ও তুলাবাদের মর্যাদা আল্লামা যামাখশরী রহ. ৪৬
৩০) শাওয়াহেদে কুদরত হযরত মাহমুদ হাসান গাংগুহী রহ. ৪৭
৩১) দুনিয়া কে আয়ে মুসাফির ৫৩
৩২) মুনাজাতে আল্লামা মুফতি তকি উসমানী দা.বা. ৫৩
৩৩) হেফাজতে ইসলামের সৈনিকরা, আল্লামা জুনায়েদ বাবুনগরী ৫৬
৩৪) তারানায়ে দারুল উলূম হাটহাজারী, আল্লামা জুনায়েদ বাবুনগরী ৫৮
৩৫) তারানায়ে দারুল উলূম দেওবন্দ ৬২
৩৬) মাসনূন দো'আসমূহ ৬৭

আল জামিয়াতুল আহলিয়া দারুল উলূম মুঈনুল ইসলাম হাটহাজারীর
মহাপরিচালক ও শাইখুল হাদীস, বেফাকুল মাদারিসিল আরাবিয়া
বাংলাদেশের চেয়ারম্যান,
শাইখুল ইসলাম **আল্লামা শাহ্ আহমদ শফী দা. বা.** এর মূল্যবান

দোআ ও অভিমত

মহান রব্বুল আলামীন বৈচিত্রময় এ বসুন্ধরায় যুগে যুগে মহামনীষীদের আগমন ঘটিয়ে তার সৌন্দর্য বৃদ্ধি করেছেন। মানবতার জন্য তাদের বিবেক ও আদর্শে, চিন্তা ও চেতনায় সুপ্ত রেখেছেন জীবন পথের অমূল্য পাথেয়, তাদের ইবাদত-বন্দেগী, রোনাযারী, আল্লাহভীতি ও তাআ'ল্লুক মাআ'ল্লা আমাদের জন্য পথ-নির্দেশিকা।

স্নেহভাজন ছাত্র মাওলানা ইবরাহীম নোয়াখালী সেই আকাবেরদের আল্লাহভীতি ও তাআ'ল্লুক মাআ'ল্লা সম্বলিত ছড়িয়ে ছিটিয়ে থাকা মুনাজাত এবং তারানাগুলি কিছু-কিছু বাংলা অনুবাদসহ একত্রিত করে **"আল্লাহ ওয়ালাদের মকবুল মোনাজাত এবং তারানা নামে** প্রকাশ করতে যাচ্ছে শুনে অত্যন্ত আনন্দিত হয়েছি। আফসোস ও পরিতাপের বিষয়, বর্তমান যামানায় আল্লাহ ওয়ালাদের আল্লাহভীতিমাখা ওসব মুনাজাত প্রায় বিলুপ্তির পথে। তাই সকলের কাছে আবেদন এই যে, সবাই যেন আল্লাহওয়ালাদের আল্লাহভীতি সম্বলিত মুনাজাতগুলো নিজের কাছে সংরক্ষণ রাখেন। অবশেষে লেখকের জন্য দোয়া করি, আল্লাহ তাআলা যেন তার এই মেহনতকে কবুল করেন এবং তা থেকে সকলকে উপকৃত হওয়ার তৌফিক দান করেন।

আল্লামা শাহ্ আহমদ শফী (দা.বা.)
মহাপরিচালক আল জামিয়াতুল আহলিয়া
দারুল উলূম হাটহাজারী, চট্টগ্রাম।

দারুল উলূম মুঈনুল ইসলাম হাটহাজারী মাদ্‌রাসার সহযোগী পরিচালক
বিদগ্ধ হাদীস বিশারদ হেফাজতে ইসলাম বাংলাদেশ এর মহাসচিব-

আল্লামা হাফেজ জুনায়েদ বাবুনগরী দা.বা. এর

দোআ ও অভিমত

মহান রাব্বুল আলামীন যুগে যুগে এই ধরাপৃষ্ঠে এমন কিছু মহান বুজুর্গ ও আল্লাহওয়ালাদের আগমন ঘটিয়ে তার সৌন্দর্য্যকে বৃদ্ধি করেছেন মানবতার জন্য তাঁদের আদর্শ, চিন্তা ও চেতনায় সুপ্ত রেখেছেন জীবনপথের অমূল্য পাথেয়, তাঁদের ইবাদত, বন্দেগী, রোনাজারী আল্লাহভীতি, তা'আল্লুক, মা'আল্লাহ্ আমাদের জন্য পথ নির্দেশিকা।

স্নেহভাজন ছাত্র মাওলানা ইবরাহীম সেনবাগী সেই বুজুর্গদের আল্লহ্‌ভীতি ও তা'আল্লুক, মাআল্লাহ সম্বলিত ছড়িয়ে-ছিটিয়ে থাকা মুনাজাত ও তারানাগুলি কিছু কিছু অনুবাদ সহ একত্রিত করে, আল্লাহওয়ালাদের মকবূল মুনাজাত ও তারানা নামে কয়েকবার প্রকাশ করেছে। আমি মুনাজাত ও তারানাগুলিতে এক নজর দেখেছি, মাশাআল্লাহ বুজুর্গদের অনেকখানি মুনাজাত ও তারানা একত্র করা হয়েছে, যা পড়ে আমি অনেক পুলকিত হয়েছি।

সকল পাঠকের নিকট আরজ রইল সবাই যেন তা নিজের কাছে সংরক্ষণে রাখেন।

পরিশেষে সংকলকের জন্য দু'আ করি, আল্লহ্ তা'আলা যেন তাঁর এই মেহনতকে কবূল করেন এবং লিখনির মাধ্যমে দ্বীনের আরো খেদমত করার তৌফিক দান করেন। –আমীন।

মুহাম্মদ জুনায়েদ
২৮/১২/১৮

আল্লামা হাফেজ জুনায়েদ বাবুনগরী দা.বা.
শায়খুল হাদীস
দারুল উলূম হাটহাজারী।

প্রথম সংস্করণের অবতরণিকা

সমস্ত প্রশংসা মহান আল্লাহ রাব্বুল আলামিনের, যিনি আমাদেরকে সুন্দর অবয়ব, আকার-আকৃতি, অবকাঠামো দিয়ে সৃষ্টি করে আশরাফুল মাখলুকাত তথা সৃষ্টির সেরা জীব বলে ঘোষণা করেছেন। লাখো কোটি দরূদ ও সালাম নাযিল হোক আমাদের আখেরী নবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, তার পরিবারবর্গ এবং সাহাবায়ে কেরাম রাযি. এর প্রতি।

১৪৩১ হি. সন, আমরা জামাতে শরহে জামী পড়ি। একদা উস্তাযে মুহতারাম হযরত মাওলানা মুফতী ফয়যুল্লাহ সাহেব দা. বা. আমাকে নির্দেশ করলেন যে, হযরতওয়ালা দা. বা. (প্রতিষ্ঠাতা ও পরিচালক জামেয়া রশিদিয়া ফেনী) এর বয়ানের মধ্যে পঠিত اشعار গুলো যেন একত্রিত করি। তখন আমি বিভিন্ন কিতাবাদি থেকে সংগ্রহ করে হযরতের কিছু اشعار একত্রিত করলাম প্রায় ৪ বৎসরে, ইনশাআল্লাহ উস্তাযে মুহতারামের নযরে ছানির পর হযরতের অনুমতি নিয়ে তা প্রকাশ করার ইচ্ছা রয়েছে।

বিভিন্ন কিতাবাদি তালাশ করার সময় বুযুর্গদের কিছু মুনাজাত ও তারানা চোখে পড়ত সেগুলোও সংগ্রহ করে রাখতাম। এভাবে অনেকগুলো মুনাজাত ও তারানা একত্রিত হয়ে গেল ;তাই কয়েকজন দোস্ত-আহবাব পরামর্শ দিলেন যে, এই মুনাজাতগুলো কিছু বাংলা অনুবাদ করে যদি ছাপা হয় তাহলে সকলে উপকৃত হবে। কিন্তু পরিতাপের বিষয়, বুযুর্গদের এই মুনাজাতগুলো প্রায় বিলুপ্তির পথে। বিভিন্ন কিতাব থেকে তালাশ করে নিজের সংরক্ষণে রাখবে তা সম্ভব হয়না। এই সব বিষয়ে চিন্তা-ফিকির করে কিছু মুনাজাত এবং তারানার অনুবাদ করে **"আল্লাহ ওয়ালাদের মকবূল মুনাজাত ও তারানা"** নামে প্রকাশ করার ইচ্ছা পোষণ করলাম। যদি তা কোন আহলে দিলের কাজে আসে তাহলেই আমার চেষ্টা সার্থক হবে।

অবশেষে অনেক শুকরিয়া জ্ঞাপন করছি ঐ সকল সাথী ভাইদের যারা আমাকে এই কিতাব লিখার সময় বিভিন্নভাবে সহযোগিতা করেছেন। বিশেষ করে ভাই মো. সাইফুল ইসলাম নারায়ণগঞ্জিকে যিনি অক্লান্ত পরিশ্রম করে লেখাগুলো কম্পোজ করে দিয়েছেন এবং ভাই মো. ওমর ফারুক ফেনবী ও মো. শাহেদুর রহমান সন্দীপিকে যারা অনেক কষ্ট করে বাংলা লেখাগুলো সম্পাদনা করে দিয়েছেন।

মানুষ বলতেই ভুল। আমার কাঁচা কলমে যে ভুল হবে না এমন নয়। তাই সকলের কাছে আকুল আবেদন এই যে, যদি কারো এই কিতাবে কোন ভুল-ত্রুটি দৃষ্টিগোচর হয় তা আমাদের জানিয়ে উপকৃত করবেন।

অবশেষে সকলের কাছে দোয়ার আবেদন রইল, আল্লাহ তায়ালা যেন হযরত ওয়ালা দা. বা. এর اشعار গুলো সুষ্ঠভাবে সকলের সামনে পেশ করার তৌফিক প্রদান করেন এবং এই কিতাবের মাধ্যমে সকলকে উপকৃত করেন এবং তা আমাদের জন্য নাজাতের উসিলা বানিয়ে দেন। আমীন।

দ্বিতীয় ও তৃতীয় সংস্করণের অবতরণিকা

আল্লাহ ওয়ালাদের মকবূল মুনাজাতের তৃতীয় সংস্করণ এখন পাঠকের হাতে "আলহামদুলিল্লাহ" আল্লাহ তাআ'লার অশেষ মেহের বাণীতে এক মাস যেতে নাযেতেই দ্বিতীয় সংস্করণের সব সংখ্যা শেষ হয়ে যায়। প্রিয় পাঠকদের ব্যপক চাহিদা ও দাবির প্রেক্ষিতে তৃতীয় সংস্করণে এবং রীতিমত আরো কিছু প্রশিদ্ধ মোনাজাত ও তারানা সংযোজন করি।

ইতি মধ্যেই দ্বিতীয় সংস্করণটি উস্তাযে মোহতারাম শায়খুল হাদিস হযরত মাওঃ হাফেজ জুনায়েদ বাবুনগরী (দা:বা:) এর সমীপে পেশ করি, হযরতের রচিত তারানা **"তারানায়ে দারুলউলুম হাটহাজারী"** সংযুক্ত আছে দেখে অত্যন্ত খুশি হলেন এবং পুরো কিতাবটি এক নজর দেখলেন (কিছু কিছু আকাবেরদের মুনাজাত পড়ে আবেগী হয়ে ক্রন্দনও করলেন) এবং হুজুর আমাকে কিছু মুল্যবান পরামর্শও দিলেন এবং হুজুরের তারানাটির মধ্যে আরো কিছু পঙক্তি সংযোজন করতে বললেন। পরিশেষে হুজুর অনেক আবেগের সাথে আমাকে বললেন বর্তমানে হুজুরের লিখিত সাড়া জাগানো গজল বাংলাদেশে ইসলামী জাগরণ সৃষ্টিকারী সংঘঠন হেফাজতে ইসলাম বাংলা দেশের ইমানদ্বীপ্ত নওজওয়ানদেরকে নিয়ে লিখিত **"জাওয়ানানে হেফাজতে ইসলাম ছে"** গজলটি তৃতীয় সংস্করণে সংযোজন করার ইঙ্গিত করলেন।

সে পরিপ্রেক্ষিতে হুজুরের সাড়া জাগানো গজলটি এবং সাইখুল ইসলাম আল্লামা তাকি উসমানি (দা:বা:) এর আলোড়ন সৃষ্টিকারী মুনাজাতটিসহ বেশ কিছু মুনাজাত ও তারানা সংযোজনের প্রায়াস পাই।

আল্লাহ তাআ'লা এই ক্ষুদ্র প্রয়াস কবুল করুন। ও তা আমাদের জন্য নাজাতের উছিলা বানিয়ে দিন। আমীন।

নিবেদক

মো. ইবরাহীম, গ্রাম: লুধুয়া
থানা: সেনবাগ, জেলা: নোয়াখালী

মুনাজাতে আকাবের[১]

خُذْ بِلُطْفِكَ يَا إِلٰهِيْ مَنْ لَّه زَادٌ قَلِيْلٌ ۞ مُفْلِسًا بِالصِّدْقِ يَأْتِيْ عِنْدَ بَابِكَ يَا جَلِيْلُ

হে আমার প্রভু, পাথেয়শূন্য আপনার বান্দার প্রতি অনুগ্রহ করুন।
হে মহামহিম মালিক, নিতান্তই খালি হাতে সে আপনার দুয়ারে হাযির হয়েছে।

ذَنْبُه ذَنْبٌ عَظِيْمٌ فَاغْفِرِ الذَّنْبَ الْعَظِيْمَ ۞ اِنَّه شَخْصٌ غَرِيْبٌ مُذْنِبٌ عَبْدٌ ذَلِيْلُ

সে তো মহাপাপীষ্ঠ দুর্বল অসহায় গুনাহগার অখ্যাত বান্দা,
তাই আপনি তার এই পাপরাশি মার্জনা করুন।

مِنْهُ عِصْيَانٌ وَّ نِسْيَانٌ وَّ سَهْوٌ بَعْدَ سَهْوٍ ۞ مِنْكَ إِحْسَانٌ وَّ فَضْلٌ بَعْدَ إِعْطَاءٍ جَلِيْلِ

তার পক্ষ থেকে নাফরমানী, অবাধ্যতা ও ত্রুটি-বিচ্যুতি অনবরত প্রকাশ পেয়েছে,
অপরদিকে মাওলা আপনার পক্ষ থেকে প্রবাহিত হয়েছে সীমাহীন দয়া ও
অনুগ্রহের হাওয়া।

طَالَ يَا رَبِّيْ ذُنُوْبِيْ مِثْلَ رَمْلٍ لَا تُعَدُ ۞ فَاعْفُ عَنِّيْ كُلَّ ذَنْبٍ فَاصْفَحِ الصَّفْحَ الْجَمِيْلَ

হে প্রভু! মরুভূমির বালির মত অসংখ্য গুনাহে আমার আমলনামার পরিধি অনেক দীর্ঘ,
সুতরাং আমার সব গুনাহ মাফ করে দিয়ে আমাকে পরিশোধিত করে দিন।

كَيْفَ حَالِيْ يَا إِلٰهِيْ لَيْسَ لِيْ خَيْرُ الْعَمَلْ ۞ سُوْءُ أَعْمَالِيْ كَثِيْرٌ زَادُ طَاعَتِيْ قَلِيْلُ

হে প্রভু, আমার কোন নেক আমল নেই বললেই চলে,
উপরন্ত নাফরমানী অনেক করেছি সুতরাং এখন আমার কী যে উপায় হবে!

عَافِنِيْ عَنْ كُلِّ دَاءٍ وَ اقْضِ عَنِّيْ حَاجَتِيْ ۞ إِنَّ لِيْ قَلْبًا سَقِيْمًا أَنْتَ تَشْفِيْ لِلْعَلِيْلِ

সর্বপ্রকার রোগ-ব্যাধি থেকে আমাকে আরোগ্য দান করুন। আমার সব ধরনের প্রয়োজন
পূর্ণ করুন।
আমার হৃদয়টা ব্যাধিগ্রস্ত আর আপনি তো ব্যাধিগ্রস্ত হৃদয়কে ব্যাধিমুক্ত করে থাকেন।

أَنْتَ شَافِيْ أَنْتَ كَافِيْ فِيْ مُهِمَّاتِ الْأُمُوْرِ ۞ أَنْتَ رَبِّيْ أَنْتَ حَسْبِيْ أَنْتَ لِيْ نِعْمَ الْوَكِيْلُ

আমার সর্ববিষয়ে আপনিই যথেষ্ট ও সমাধানকারী।
আপনিই আমার মহান প্রতিপালক, উত্তম অভিভাবক, আপনিই আমার সব।

رَبِّ هَبْ لِيْ كَنْزَ فَضْلٍ أَنْتَ وَهَّابٌ كَرِيْمٌ ۞ فَأَعْطِنِيْ مَا فِيْ ضَمِيْرِيْ دُلَّنِيْ خَيْرَ الدَّلِيْلُ

---

[১] প্রসিদ্ধ মুনাজাতটি হযরত আবু বকর (রাঃ) এর রচনা বলে অনেকে মনে করেন তবে তা আবু বকর (রাঃ) থেকে প্রমাণিত নয়। (কিন্তুআবু বকর (রাঃ) কর্তৃক মুনাজাত মনে না করে একটি সাধারণ মুনাজাত হিসেবে কেউ পড়তে চাইলে পড়তে পারবে) ইমদাদুল ফাতাওয়া ৪/৯০

হে প্রভু আমার, আপনি তো সীমাহীন দাতা ও দয়ালু। সুতরাং আপনার অনুগ্রহের খাযানা আমার জন্য খুলে দিন।

আমার মনের সব আশা আকাঙখা আপনি পূর্ণ করুন এবং একজন উত্তম রাহবারের প্রতি পথ প্রদর্শন করুন।

قُلْ لِّنَارٍ أَبْرِدِيْ يَا رَبِّ فِيْ حَقِّيْ كَمَا ۞ قُلْتَ قُلْنَا نَارُ كُوْنِيْ أَنْتَ فِيْ حَقِّ الْخَلِيْلِ

হে পরওয়ারদিগার, আপনি যেমনিভাবে হযরত ইবরাহীম (আ.) এর জন্য প্রজ্জ্বলিত অগ্নিকুন্ডকে আরামদায়ক শীতল হতে নির্দেশ দিয়েছিলেন, তেমনিভাবে আমার জন্য প্রজ্জ্বলিত জাহান্নামের আগুনকেও আরামদায়ক শীতল হতে নির্দেশ দিন।

هَبْ لَنَا مُلْكًا كَبِيْرًا نَجِّنَا مِمَّا نَخَافُ ۞ رَبَّنَا إِذْ أَنْتَ قَاضٍ وَّ الْمُنَادِيْ جَبْرَئِيْلُ

হে আল্লাহ, আপনি আমাদেরকে এক সুবিশাল রাজ্য দান করুন। এবং যে দিবসে আপনি বিচারক হবেন আর হযরত জিবরাঈল (আ.) আহবায়ক হবে সে দিবসের দিন আমাদেরকে নাজাত দান করুন যা থেকে আমরা আশ্রয় চাই।

أَيْنَ مُوْسٰي أَيْنَ عِيْسٰي أَيْنَ يَحْيٰي أَيْنَ نُوْحٌ ۞ أَيْنَ يَا صِدِّيْقُ عَاصٍ تُبْ إِلَي الْمَوْلَي الْجَلِيْلُ

কোথায় হযরত মুসা, ঈসা, ইয়াহইয়া, নূহ, (আ.) এর মর্যদা। আর কোথায় তোমার অবস্থান হে পাপিষ্ট ছিদ্দিক। সুতরাং তুমি এখন তোমার মহান মাওলার দরবারে তওবা কর।

من المخطوطات

মুনাজাতে[২]

আল্লামা বূছীরী (রঃ)

يَا أَكْرَمَ الْخَلْقِ مَا لِيْ مَنْ أَلُوْذُ بِهِ ۞ سِوَاكَ عِنْدَ حُلُوْلِ الْحَادِثِ الْعَمَمِ

সৃষ্টির সেরা দয়াশীল ওগো তুমি ছাড়া আর কেহ নেই মোর ,
যার উছিলায় আমি আশ্রয় নেব আসিয়া পড়িলে দুর্গতি ঘোর।

وَلَنْ يَّضِيْقَ رَسُوْلَ اللهِ جَاهُكَ بِيْ ۞ إِذَا الْكَرِيْمُ تَجَلّٰي بِاسْمِ مُنْتَقِمِ

আমার জন্য হে রসূল কভু মর্যাদা তব খাটো নাহি হবে

---

[২] তা আল্লাহ ওয়ালাদের নিকট সবচেয়ে প্রসিদ্ধ একটি মুনাজাত যার রচয়িতা হলেন, ইমাম শরফুদ্দীন আবু আব্দুল্লাহ মুহাম্মদ ইবনে সাঈদ আল-বূছীরী (র.) তিনি শুপ্রসিদ্ধ ক্বাছীদাতুল বুরদাহ এর রচয়িতা, ১২১২খৃ. ৬০৮ হিজরীতে মিশরের দালাছ নামক জনপদে জন্মগ্রহণ করেন, আর ১২৯৬খৃ. ৬৯৬ হিজরী সনে কায়রোতে ইন্তেকাল করেন, তিনি ঐ যুগের সবচেয়ে বড় বুজুর্গ ব্যক্তি ছিলেন, তাঁর এই ক্বাছীদা ও মুনাজাতের ব্যাপারে অনেক ঘটনা বর্ণিত রয়েছে যা আমরা মূল কিতাবে দেখে নিতে পারি। (তথ্য সূত্র বাংলা ক্বাছীদাতুল বুরদাহ পৃষ্ঠা-৯)

দাও দাতার নামে দয়াময় আত্মপ্রকাশ করিবেন যবে।

فَإِنَّ مِنْ جُوْدِكَ الدُّنْيَا وَ ضَرَّتَهَا ۞ وَ مِنْ عُلُوْمِكَ عِلْمَ اللَّوْحِ وَ الْقَلَمِ

ইহকাল আর পরকাল ওগো সন্দেহ নাই তোমারই তো দান
লাওহের জ্ঞান কলমের জ্ঞান নিশ্চিতরূপে তোমারই তো জ্ঞান।

يَا نَفْسِ لَا تَقْنُطِيْ مِنْ زَلَّةٍ عَظُمَتْ ۞ إِنَّ الْكَبَائِرَ فِي الْغُفْرَانِ كَاللَّمَمِ

হে আমার হৃদয়, নিরাশ হয়ো না পদস্খলন হইলেও বড়
নিশ্চয়ই যেন বড় বড় পাপ ক্ষমায় তাহার নগণ্যতর

لَعَلَّ رَحْمَةَ رَبِّيْ حِيْنَ يَقْسِمُهَا ۞ تَأْتِيْ عَلٰى حَسَبِ الْعِصْيَانِ فِي الْقَسَمِ

বিতরণ যারে করিবেন প্রভু আমার অসীম করুণা তাঁহার
আশা করি তাহা সকলেই পাব পাপ অনুসারে ভাগে যার যার।

يَا رَبِّ فَاجْعَلْ رَجَائِيْ غَيْرَ مُنْعَكِسٍ ۞ لَدَيْكَ وَ اجْعَلْ حِسَابِيْ غَيْرَ مُنْخَرِمِ

উলটে না যায় বাসনা আমার দরবারে তব হে আমার প্রভু!
হিসাব আমার সঠিক রাখিও ছেদ যেন তাতে নাহি হয় কভু।

وَ الْطُفْ بِعَبْدِكَ فِي الدَّارَيْنِ إِنَّ لَه ۞ صَبْرُ الَّتِيْ تَدْعُهُ الْأَهْوَالُ يَنْهَزِمِ

করুণা করিও হে আমার প্রভু, উভয় জাহানে তব বান্দারে
দৃঢ়তা তাহার ভাঙিয়া যে পড়ে ভয়ের বস্তু ডাক দিলে তারে।

وَاْذَنْ لِسَحْبِ صَلٰوةٍ مِّنْكَ دَائِمَةٍ ۞ عَلَى النَّبِيِّ بِمُنْهَلٍّ وَّ مُنْسَجِمِ

নির্দেশ দাও হে আমার প্রভু, করুণারাশির ঘন জলধরে
অবিরাম যেন নবীজির পরে রহমত বারি বর্ষণ করে।

وَ الْاٰلِ وَ الصَّحْبِ ثُمَّ التَّابِعِيْنَ لَهُمْ ۞ أَهْلُ التُّقٰى وَالنُّقٰى وَ الْحِلْمِ وَ الْكَرَمِ

পায় যেন তাহা বংশের লোক সাহাবীবৃন্দ তাবিঈরা তাঁর,
ছিলেন যাঁহারা তাক্ওয়ায় ভরা পূত-পবিত্র সুশীল উদার।

مَا رَنَّحَتْ عَذَبَاتِ الْبَانِ رِيْحُ صَبَا ۞ وَ أَطْرَبَ الْعِيْسَ حَادِيْ الْعِيْسِ بِالنَّغَمِ

বানের শাখায় পুবালি বাতাস দোলা দিয়ে যাবে যত দিন ধরে,
গানে আর সুরে রাখিবে চালক উটগুলো তার মতোয়ারা করে

مَوْلَايَ صَلِّ وَ سَلِّمْ دَائِمًا أَبَدًا ۞ عَلٰى حَبِيْبِكَ خَيْرِ الْخَلْقِ كُلِّهِمِ

প্রভু অবিরাম যেন নবীজির পরে শান্তি ও রহমত বারি বর্ষণ করে
সর্বকালের সেরা মানব তোমার দোস্ত হাবিবের তরে।

من قصيدة بردة

মুনাজাতে
হাকীম সনায়ী (রহ.)[৩]

(ماخوذ از علم الکلام لادریس کاندھلویؒ)

(۱) ملکا ذکر تو گویم کہ تو پاکی و خدائی ❁ نروم من بجز آں راہ کہ تو راہ نمائی

মুখে জপি প্রভু তাসবীহ তোমার তুমি যে অতি পাক সত্তা,
চিরকাল আঁকড়ে থাকব সে পথ যার প্রদর্শক স্বয়ং তুমি।

(۲) ہمہ درگاہ تو جویم ہمہ درگاہ تو پویم ❁ ہمہ توحید تو گویم کہ بتوحید سزائی

আমি খুঁজে ফিরি শুধু তব দরবার মিনতি জানাই শুধু তোমার কাছে,
একত্বের কথা ঘোষণা করছি আমি, তুমিই তো একত্বের একমাত্র উপযোগী।

(۳) تو خداوند یمینی تو خداوند یساری ❁ تو خداوند زمینی تو خداوند سمائی

ডানদিকেরও প্রভু তুমি বামদিকেরও প্রভু তুমি
আসমানেরও প্রভু তুমি, জমীনেরও প্রভু তুমি ।

(۴) تو زن و جفت نجوئی تو خور و خفت نخوائی ❁ احد اے بے زن و جفتی ملکا کام روائی

নেই প্রয়োজন পত্নী তোমার, না প্রয়োজন খাওয়া ঘুমের,
তুমিই শুধু পত্নী বিহীন সব কাজেরই সমাধানদাতা ।

(۵) نہ نیازت بولادت نہ بفرزند تو حاجت ❁ تو جلیل الجبروتی تو امیر الامرائی

নেই প্রয়োজন সন্তানাদির, নাহি সাজে তা তোমার শানে,
প্রতাপশালী সত্তা তুমি সব রাজাদের রাজা।

(۶) تو کریمی تو رحیمی تو سمیعی تو بصیری ❁ تو معزّی تو مذلّی ملک العرش بجائی

করুণাময় ওগো দয়ালু খোদা তুমি সর্বশ্রোতা দৃষ্টিমান,
মান অপমানের মালিক তুমি আরশের মালিক কৃপাময়।

---

[৩] তাঁর পুরো নাম আবুল মাজ্‌দ মাজদুদ বিন আদম সানায়ী তবে হাকীম সানায়ী (রহ.) নামে প্রসিদ্ধ তিনি আনুমানিক ৪৭৩হি. ১০৮০ মোতাবেক আফগানিস্তানের গজনী শহরে জন্ম গ্রহণ করেন। তিনি একজন উচ্চস্তরের ফার্সি কবি এবং উচ্চ পর্যায়ের সূফি ছিলেন, ৬ষ্ঠ শতকে এ.এইছ নামক স্থানে তিনি বসবাস করেন এবং ৫৫৪-৫৪৫হি. ১১৩১-১১৪১ মোতাবেক গজনীতে ইন্তেকাল করেন।

(۷) ہمہ راعیب تو پوشی ہمہ راعیب بتو دانی ۞ ہمہ را رزق رسانی ہمہ را جود و عطائی

মোর দোষকে জেনে তুমি রাখ তা গোপন,
মোদের রিযিক অসীম কৃপায় করছ বিতরণ।

(۸) نہ بدے خلق تو بودی نہ بود خلق تو باشی ۞ نہ تو خیزی نہ نشینی نہ تو کاہی نہ فزائی

সৃষ্টির যখন অস্তিত্ব ছিলনা তখনও তুমি বিদ্যমান ছিলে,
সৃষ্টি যখন ধ্বংস হব তখনও তুমি বহাল থাকবে,
চলাফেরা কমতি-বৃদ্ধি সবকিছুরই ঊর্ধ্বে তুমি।

(۹) نہ سپہری نہ کواکب نہ بروجی نہ دقائق ۞ نہ مقامی نہ منازل نہ نشینی نہ بپائی

নহে আসমান নহে সিতারা, নহে কক্ষপথ নহে অণুকনা তুমি,
স্থান-কাল, ঘর-বাড়ি আর সব হাজতের ঊর্ধ্বে তুমি।

(۱۰) بری از چوں و چرائی بری از صورت و رنگی ۞ بری از عجز و نیازی بری از عیب و خطائی

তুমি পাক যোগ অভিযোগ আকৃতি ও রূপক থেকে,
তুমি পাক মান-অপমান আর দোষ-গুণ ত্রুটি থেকে।

(۱۱) بری از خوردن و خفتن بری از تہمت مردن ۞ بری از بیم و امیدی بری از رنج و بلائی

তুমি পাক আহার নিদ্রা আর মৃত্যুর আশংকা থেকে
তুমি পাক বিপদ আশা, চিন্তা ও দুঃখ হতে।

(۱۲) تو علیمی تو حکیمی تو خبیری تو بصیری ۞ تو نمائندۂ فضلی تو سزاوار خدائی

সর্বজ্ঞাত বিচক্ষন মহাজ্ঞানি তুমি অভিজ্ঞও দূরদৃষ্টিমান তুমি,
অনুকম্পাকারী খোদা তুমি তাই তো তুমি যোগ্য খোদায়ির।

(۱۳) نتواں وصف تو گفتن کہ تو در وصف نہ گنجی ۞ نتواں شرح تو کردن کہ تو در شرح نیائی

ঊর্ধ্বে তুমি রূপ ঝলকের যে তোমার অপরিসীম,
ব্যাখ্যা করার ঊর্ধ্বে তুমি ব্যাখ্যাকারী নেই যে ধরায়।

(۱۴) احد لیس کمثلی صمد لیس کفضلی ۞ لمن الملک تو گوئی کہ سزاوار خدائی

অদ্বিতীয় নিরাধার তুমি তুমিই নিরাকার,
খোদাইরই যোগ্য বিধায় তুমি বলবে এ রাজ্য আবার কার?

(۱۵) لب و دندان سنائی ہمہ توحید تو گویند ۞ مگر از آتش دوزخ بود شش زود رہائی

হাকিম সনায়ীরই উষ্ঠ দন্ত তাওহীদ তোমার বর্ণনা দেয়,
একটু যেন নাজাত সে পায় উত্তপ্ত এই অগ্নি হতে।

মুনাজাতে[৪]

হুজ্জাতুল ইসলাম হযরত কাসেম নানূতুবী (রহ.)

الٰہی غرق دریائے گناہم ❁ تو می دانی وخود ہستی گواہم

প্রভুগো! আমি গুনাহের দরিয়ায় নিমজ্জিত, তুমিই আমার পাপের সাক্ষী, তুমিই অধিক জ্ঞাত।

گناہ بے عدد را بار بستم ❁ ہزاراں بار توبہ ہا شکستم

পর্বতসম পাপের বোঝা বহন করছি আমি, শত-সহস্রবার তাওবা করে আবার তাহা ভঙ্গ করেছি।

حجاب مقصدم عصیان من شد ❁ گناہم موجب حرمان من شد

মোর চলার পথে বাধা শুধু রাশি রাশি পাপ, তাই তো আমি তব কৃপা-লাভে রয়েছি বঞ্চিত।

بآں رحمت کہ وقف عام کردی ❁ جہاں را دعوت اسلام کردی

তব সর্বব্যাপী করুণার বাদল, বর্ষিত করেছে তামাম বিশ্বে ইসলামের জল।

نمی دانم چرا محروم ماندم ❁ رہیں ایں چنیں مقسوم ماندم

আমি জানি না কেন বঞ্চিত রহিলাম, এমন সৌভাগ্য হতে কেন আমি বঞ্চিত রয়ে গেলাম।

گدا خود را ترا سلطان چو دیدم ❁ بدرگاہ تو اے رحمن دویدم

আজ যখন তোমাকে বাদশাহ এবং নিজেকে দেউলিয়া দেখেছি, হে দয়াময় পরওয়ার্দিগার তখন আমি তোমারই দ্বারে হাতপেতেছি।

دلم از نقش باطل پاک فرما ❁ براہ خود مرا چالاک فرما

হৃদয়কে মোর কুচিন্তা হতে কর পবিত্র, আপন অনুগ্রহে মোরে মা'রেফত রাহে কর সক্রিয়।

بکش از اندرونم الفت غیر ❁ بشو از من ہوائے کعبہ ودیر

আমার হৃদয় থেকে পরের অনুরাগ দূরীভূত কর, কা'বা মন্দিরের প্রেম হতে মুক্ত আমায় কর।

درونم را بعشق خویشتن سوز ❁ بہ تیر درد خود جان ودلم دوز

আমার হৃদয়কে তোমার প্রেমে দগ্ধ কর, হৃদয় মোর তব ভালোবাসার তীর ছুড়ো।

دلم را محو یاد خویش گرداں ❁ مرا حسب مراد خویش گرداں

---

[৪] প্রসিদ্ধ এই মুনাজাতের রচয়িতা হলেন দেওবন্দ মাদ্‌রাসার প্রতিষ্ঠাতা হুজ্জাতুল ইসলাম হযরত কাসেম নানুতুবী (র.), তিনি শাবান বা রমযান মাসের ১২৪৮ হিজরীতে ভারতবর্ষের নানুতা এলাকায় জন্মগ্রহণ করেন, তাঁর তারিখী নাম খুরশিদ হুছাইন, জমাদিউল উলা ১২৯৭ হিজরীতে ইন্তেকাল করেন। (সূত্রঃ ১০০ উলামার ছাত্র জীবন পৃষ্ঠা ৪০)

আমার হৃদয়কে উজাড় করে দাও তোমার পাক স্মরণে, গড়িয়ে দাও মোর জীবন প্রদীপ তোমার মর্জি মাফিক।

اگر نالائقم قدرت تو داری ۞ که خار عیب از جانم برآری

যদি আমি যোগ্য না হই তবে তুমি তো পার, করুণাবারি বর্ষণ করে পাপরাশি মোর ধুয়ে ফেলতে।

بخوبی زیست رامبدل نمائی ۞ سیاہی را بہ بخشی روشنائی

জীবনটা মোর বিভূষিত কর গুণের ভূষণ দ্বারা, পাপের কালিমা দূর করে দাও আলোক রশ্মি দ্বারা।

گناہم را اگر دیدی نگر ہم ۞ بعفو و فضل خودائے شاہ عالم

যদি দেখ তুমি মোদের গুনাহ হে অন্তরযামী, তাকাও তুমি তোমার দয়ায় হে জগত স্বামী!

بحال عاجز بے چارہ بنگر ۞ بچشم لطف حکم تست تو بر سر

অসহায়ের প্রতি তোমার করুণাদৃষ্টি নিক্ষেপ কর, তোমার হুকুম সর্বকাজে শিরোধার্য।

از مناجات مقبول

মুনাজাত[৫]

মুজাদ্দেদে মিল্লাত মুফতিয়ে আজম ফয়জুল্লাহ (রহ.)

(۱) یاالٰہی رحم کن بر حال زار ایں فقیر ۞ نیست ز آفات دو عالم جز تو کس اور امجیر

হে দয়াময় খোদা চাহি আমি করুণা তোমার, বিপদ থেকে মুক্তিদাতা তুমি বিহিন নাই যে আমার।

(۲) عاجز و مسکین و نالائق ضعیف و بیکس ست ۞ روز و شب اندر میان دام نفس ست او اسیر

নিঃসঙ্গ ও দুর্বল আমি অসহায় ও কাঙ্গাল আমি, দিবা-রাত্রি নফসের ফাঁদে হর হামেশা বন্দী আমি।

(۳) جز بفضلت نے ورا ممکن رہائی زیں عدو ۞ نصرتے ایں بندۂ مسکین را کن اے نصیر

সাধ্য নাইকো মুক্তি পাবার তোমারই করুণা বিনে, মদদ কর হে মদদদাতা নিঃসঙ্গ এই বান্দার তরে ।

(۴) گر گناہانم بہ بخشی مقتضائے رحمت ست ۞ ور بگیری پس منم بیشک عقوبت راجدیر

যদি কর ক্ষমা আমায় তাও হবে দয়া তোমার, সাজা দিলে তাও পার নিশ্চয় আমি যোগ্য সাজার।

(۵) پر قصور و پر معاصی ہیچ نے دارد ہنر ۞ طاعتش بدتر ز عصیان ست بیشک ای قدیر

কেবল কসুর কেবল গুনাহ হুনর মোদের নাই বা থাকে,

[৫] সুপ্রসিদ্ধ এই মুনাজাতের রচয়িতা হলেন মুফতিয়ে আ'যম ফয়জুল্লাহ (র.) তিনি চট্টগ্রাম জেলার হাটহাজারী থানার অন্তর্গত মেখল গ্রামে ১৩১০ হিজরী ১৮৯২খৃ. জন্মগ্রহণ করেন, অতপর ১৩৯৭ হিজরী তথা ১৯৭৬খৃ. ৭ই অক্টোবরে ইন্তিকাল করেন। (তথ্য সূত্রঃ বাংলাদেশে হাদীস চর্চা, পৃষ্ঠা- ২০২)

ইবাদাতের কমতিগুলো গুনাহর চাইতে কম কিসে?

(৬)بندۂ نالائقم تو خواجۂ بندہ نواز ❁ بندہ را ہر گز نباشد جز در مولی مصیر

ক্ষমা পাওয়ার যোগ্য নহি কিন্তু তুমি দয়ার সাগর,
ক্ষমা কর আর নাহি কর ছাড়ব নাকো দরজা তোমার।

(৭)غفلت و سستی بود اور ابضاعت بیگماں ❁ با حضور دل نہ کرد او سجدۂ ہم بے نکیر

গাফলতি ও অলসতাই আছে শুধু সম্পদ আমার,
অন্তর দিয়ে কখনো আমি করিনাই একটি সেজদা তোমার।

(৮)چیست کارش جز کہ اکنوں دست حسرت میگزد ❁ در تغافل رفت ضائع مایۂ عمر خطیر

অনুতাপ আর পরিতাপ ছাড়া ভেবে পাইনা কী যে করি,
অমূল্য আমার হায়াতখানি অলসতায় গেল চলি।

(৯)مرغ جاں وقتیکہ خواہد زیں قفس بیروں شدن ❁ تو بدارش دراماں از مکر شیطان شریر

সময় যখন এসে যাবে প্রাণ পাখিটি উড়ে যাওয়ার,
শয়তানেরই ধোঁকা থেকে রেখ মোরে নেগাহে তোমার।

(১০)جملہ معدوم ست وحادث از زمیں تا آسماں ❁ ہم ذلیل وعاجز و ہم میّت وفانی فقیر

আসমান-জমীন চন্দ্র-সূর্য সবই হল ক্ষণস্থায়ী,
বিলিয়মান সকল কিছু নেইকো তাহার স্থিতি।

(১১)تو وجود مطلقی و باقی وحی قدیم ❁ ہم قوی و ہم غنی و ہم عزیز و ہم قدیر

চিরজীবী অনাদী তুমি চিরস্থায়ী ও কাদীম তুমি,
পরাক্রমশালী ও গনী তুমি চিরস্থায়ী ও কাদীর তুমি।

(১২)رو بسوجود آر خاکی زیں ہمہ معدوم ہا ❁ ہست مشغولی بمعدومات حرمان کبیر

খাকি তুমি দৃষ্টি ফিরাও অস্থায়ী সকল বস্তু থেকে,
নইলে তুমি মাহ্রুম হবে পরকালের সম্পদ থেকে।

(১৩)زندگی دائمی بخش ای خدا ایں بندہ را ❁ دہ نجات از موت روحانی ورا ای دستگیر

দীর্ঘজীবী কর আত্মা তাই চায় এই বান্দা তোমার,
মিথ্যে মোহের নিদ্রা থেকে জাগিয়ে দাও আত্মা আমার।

(১৪)خاکیٔ مسکین را باذکر تو انسے بدہ ❁ حب یادت را بگرداں قوت ایں قلب کسیر

ভালবাসা দাও হে খোদা খাকির দিলে যিকিরের তোমার,
তোমার স্মরণের প্রণয় কর ভাঙ্গা দিলের খোরাক তাহার।

(১৫) خلعت اعزاز دہ اعمال ما را از قبول ۞ ہم ز نور پاک اخلاصی کن آں را مستنیر

ছোটখাটো আমল মোদের কবুল কর দয়ায় তোমার,
ইখলাসেরই আলো দিয়ে উজ্জ্বল কর আমল আমার।

(১৬) زانکہ بے اخلاص جملہ بے فروغ وتار ہست ۞ صورتے بے جان باشد ہمچو مردہ بے نکیر

জ্যোতিহীন ও সম্পর্কহীন সকল কাজই ইখলাছ ছাড়া,
প্রাণবিহীন কায়া হবে মৃতের ন্যায় নিশ্চয় তাহা।

(১৭) زیں سیہ نامہ برحمت کن قبول ایں گریہ را ۞ زانکہ از طاعات وخیرے نیستش چیزے ظہیر

দয়া করে কবুল কর পাপাচারীর এই রোনাযারী,
ইবাদত বন্দেগী কিছু নাই যে তাহার হে সাহায্যকারী।

(১৮) پس سپردم نفس خود با جملہ احوال وامور ۞ خواہ دینی خواہ دنیاوی بتوائے دستگیر

সঁপে দিলাম আত্মা আমার সকল কাজ ও কর্মের সাথে,
দীনি হউক বা দুনিয়াবী হউক সকল কিছুই তোমার হাতে।

(১৯) نے زیاں از بحر پر امواج وسیل ہولناک ۞ کشتیم چوں ہست اندر دست ہمچوں تو نصیر

সমুদ্রের উত্তাল তরঙ্গ থেকে নাহি আছে ভীতি আমার,
তোমার মত মদদগারের হাতে যখন কিস্তি আমার।

মুনাজাত[৬]

হযরত শেখ ফরিদ উদ্দিন আত্তার (রহ.)

پادشاہا جرم ما را در گذار ۞ ما گنہگاریم وتو آمرزگار

হে বাদশাহ, আমাদের অপরাধ মার্জনা কর, আমরা হলাম পাপী আর তুমি ক্ষমাকারী।

تو نیکوکارے وما بد کردہ ایم ۞ جرم بے اندازہ بے حد کردہ ایم

তুমি ন্যায়বান আর আমরা অন্যায়কারী, অসংখ্য অগণিত অপরাধে অপরাধী।

سالہا در بندہ عصیاں گشتہ ایم ۞ آخر از کردہ پشیماں گشتہ ایم

বহুকাল ধরে পাপের আবর্তে ঘুরপাক খেয়েছি,
পরিশেষে নিজের কৃতকর্মের জন্য লজ্জিত হয়েছি।

---

৬ তিনি নিশাপুরের উপকণ্ঠে বসবাস করতেন, ৫১২ হিজরীর শা'বান মাসে জন্মগ্রহণ করেন, অতপর ৬২৭ হিজরীতে আনুমানিক ১১৪ বছর বয়সে তাতারীদের হাতে শহীদ হন নিশাপুরে তাঁকে দাফন করা হয়। (তথ্য সূত্র: ইসলামী বিশ্ব কোষ)

دائماد رفسق وعصیاں ماندہ ایم ❁ ہم فریں نفس شیطاں ماندہ ایم

সর্বদা নাফরমানী ও গুনাহের মধ্যে লিপ্ত রয়েছি, কু-প্রবৃত্তি এবং শয়তানের সঙ্গ দিয়েছি।

روز وشب اندر معاصی بودہ ایم ❁ غافل از امر ونواہی بودہ ایم

দিবানিশি কেটেছে গুনাহের কাজে, শরিয়তের বিধি-নিষেধ নাহি জানা আছে।

بے گنہ نگذشت برما ساعتے ❁ باحضور دل نکردم طاعتے

পাপমুক্ত সময় হয়নি অতীত কখনো, একাগ্রচিত্তে ইবাদত করিনি কভু।

بردر آمد بندہ بگریختہ ❁ ابروئے خود بعصیاں ریختہ

পলাতক বান্দা তব দুয়ারে ফিরেছে আবার,
যে স্বীয় মান-সম্মান নাফরমানীতে করে সারখার।

مغفرت دارد امید از لطف تو ❁ زانکہ خود فرمودہ لاتقنطوا

তোমার করুণায় আশা রাখি ক্ষমার, হে প্রভু! শুনিয়েছ তুমি সান্তনার বাণী, তোমরা হতাশ হয়ো না কভু।

بحر الطاف تو بے پایاں بود ❁ ناامید از رحمت شیطاں بود

তোমার দয়ার অথৈই সাগর কূল কিনারাবিহীন,
তোমার দয়া থেকে হতাশ হতে পারে শুধু শয়তানে লাঈন।

نفس وشیطاں زد کریما راہ من ❁ رحمت باشد شفاعت خواہ من

হে দয়াময়! নফস-শয়তান তোমার পথে বাঁধ সেধেছে,
তোমার রহমত বিনে মোর কীইবা সম্বল আছে।

چشم دارم از گنہ پاکم کنی ❁ پیش ازاں کاندر لحد خاکم کنی

গুনাহ হতে মোরে পাক করিবে সে আশাই রাখি,
কবর-জগতে বদনখানী মোর মাটি হওয়ার আগে।

اندر آں دم کز بدن جانم بری ❁ از جہاں بانور ایمانم بری

আমার শরীর হতে যখন তুমি বের করিবে জান,
প্রাণবায়ুটি মোর বের করিয়ো নূরানি ঈমান নিয়ে।

از پند نامہ عطار

মুনাজাতে[৭]

হযরত শেখ সাদী (রহ.)

من بندہ شرمسارم تو رحم کن رحیما ❁ در فسق بے شمارم تو رحم کن رحیما

অনুতপ্ত বান্দা আমি দয়া কর আমায় হে দয়াময়,
পাপরাশিতে জর্জরিত করুণা কর হে করুণাময়।

اندر سرائے فانی کردم گناہ تو دانی ❁ درماندہ را بخانی تو رحم کن رحیما

অস্থায়ী এই সরাইখানায় করেছি শুধু গুনাহের সদাই,
এই নিঃস্ব বান্দাকে একটু কাছে ডাক দয়া কর হে দয়াময়।

شرمندہ روئے زردم جرم عظیم کردم ❁ خود را بتو سپردم تو رحم کن رحیما

রাশি রাশি পাপের লজ্জাতে মোর চেহারার রং হল যে ফ্যাকাশে,
তাই সপর্দ করেছি মোরে তোমার তরে কৃপা কর হে কৃপাময়।

غیبت دروغ گفتم غافل بے بخفتم ❁ توبہ بے شکستم تو رحم کن رحیما

প্রতারক আর কুৎসাকারী হর-হামিশা ঘুমিয়ে থাকি,
তওবা অনেক ভঙ্গ করেছি তাই মেহেরবানী কর হে মেহেরবান।

بروقت نزع جانم گویا بکن زبانم ❁ تا کلمہ را بخوانم تو رحم کن رحیما

বাক শক্তি আমার যেন থাকে প্রয়াণ কালে,
জপতে পারি পাক কালিমা তোমারি তরে।

یارب گناہ گارم پر عیب شرمسارم ❁ جز تو کسے ندارم تو رحم کن رحیما

প্রভু হে আমি ভীষণ পাপী তোমার কাছে লজ্জিত,
তুমি বিনে হাত পাতি না দয়া কর হে দয়াময়।

یارب بحق مرداں گورم فراخ گرداں ❁ از لطف تا قیامت تو رحم کن رحیما

মোর গোরকে প্রসারিত করিও উসিলায় তোমার নেক বান্দাদের,
মোর প্রতি থাকে যেন অনুগ্রহ তোমার কিয়ামত অবধি।

---

[৭] তিনি ৫৮০ হিজরী মোতাবেক ১১৮৪ ইরানের সিরাজ নামক শহরে জন্মগ্রহণ করেন অতপর ৬৯১ হিজরীতে মোতাবেক ১২৯১ইং ইন্তেকাল করেন। তাঁর জীবনটা চার ভাগে বিভক্ত ছিল, তিনি ৩০ বছর শিক্ষা ভ্রমণ করেন, (শিক্ষা সফর) ৩০ বছর লেখা-লেখি, ৩০ বছর তাছাউফ অর্জনে নিয়োজিত হন এবং শায়েখ শিহাব উদ্দিন সোহরাওয়ার্দী (র.) থেকে খেলাফত লাভে ধন্য হন। (সূত্রঃ ১০০ উলামার ছাত্র জীবন-২৬)

در گورچوں بمانم تنہا چوں بیکسانم ❁ ہر دم ترا بخوانم تو رحم کن رحیما

থাকব যখন গোরে আমি নিঃসঙ্গ ও একাকী,
তখন সদা ডাকব তোমায় হে জগতস্বামী।

جنت بدہ مکانم با جملہ مؤمنانم ❁ تو جاوداں بمانم تو رحم کن رحیما

বেহেশ্তে যেন হয় মোর আবাস্থান সাথে মুমিনদের,
সদা যেন সেথায় থাকতে পারি তোমার অনুগ্রহে।

عمرم گذشتہ باطل کردم گناہ حاصل ❁ برایں فقیر غافل تو رحم کن رحیما

জীবন যে মোর কাটছে শুধু পাপাচার আর অন্যায়ের পথে,
গাফেল অসহায়ের আখেরি সম্বর শুধুই তোমার করুণাবারি।

از تن رود چوں جانم بستہ شود زبانم ❁ بیچارہ چوں بمانم تو رحم کن رحیما

প্রাণ পাখিটি যখন উড়ে যাবে মোর শরীর হতে,
বাকরুদ্ধ আর নিরাশ্রয় হব, তব কৃপা করিও হে কৃপাময়।

من سعدی صفایم بر دین مصطفایم ❁ ہر دم ہمی سرایم تو رحم کن رحیما

স্বচ্ছ পথের পথিক সাদী ধর্ম যে তার মুস্তফার (সা.),
সদা তোমার গেয়ে যাব গান একটুখানি করুণার আশায়।

মুনাজাতে[৮]

আল্লামা মুফতি আজিজুল হক (র.), প্রতিষ্ঠাতা পটিয়া, মাদ্‌রাসা

بتا ہمکو تیرے رہ کس طرف ہے ❁ تیرے راہ پر چلا ہمکو خدایا

কোন সে পথে বলো মোদের তোমার সরল পথ *
সে পথে মোদের চালাও প্রভু মোদের এ শপথ

[৮] ১৩২৩ হিজরী ১৯০৫ খৃ. তিনি চট্টগ্রাম জেলার পটিয়া থানার অন্তর্গত চরকানাই গ্রামে জন্মগ্রহণ করেন অতপর ১৩৮০হি. ১৯৬০খৃ. ইন্তেকাল করেন। তিনি হলেন ওলীকুলের শিরমণী তাইতো এই মুনাজাতগুলো আল্লাহ ওয়ালাদের মুখে বেশী বেশী শুনাযায়। (তথ্য সূত্রঃ ইসলামী বিশ্বকোষ, খন্ড-২, পৃষ্ঠা-৩৩৬)

بزرگی کی نہیں ہمکو ضرورت ❁ غلام اپنا بنا ہمکو خدایا
ওলী হওয়ার বাসনা মোদের নাহি প্রয়োজন *
মোদের বানাও প্রভু! তোমার অতি প্রিয়জন

بزرگی نفس کی خواہش ہے افسوس ❁ تکبر سے بچا ہمکو خدایا
বুযুর্গ হওয়ার হৃদয়ের কামনা হায়রে মিছে মন *
অহংকার হতে বাঁচাও মোদের মাওলা নিরঞ্জন

جیسے چاہے تو دے دنیا کی دولت ❁ ہمیں مست عبادت کر خدایا
ইহকালের ধন দৌলত দাও ইচ্ছে যারেতারে *
প্রভু! মোদের মত্ত করাও ইবাদতের তরে

جیسے چاہے تو دے دنیا کی حشمت ❁ ہمیں مست اطاعت کر خدایا
ইহকালে শান শওকত দাও ইচ্ছে যারেতারে *
মাওলা! মোদের পাগল বানাও অনুগত্যের তরে

جیسے چاہے تو دے دنیا کی شوکت ❁ ہمیں مست ہدایت کر خدایا
ইহকালে দাও এই প্রভাব ইচ্ছে যারেতারে *
মাওলা! মোদের পাগল বানাও হেদায়াতের তরে

جیسے چاہے تو دے دنیا کی رفعت ❁ ہمیں مست محبّت کر خدایا
ইহকালে দাও উচ্ছতা ইচ্ছে যারেতারে *
প্রভু! মোদের মোতোয়ারা করো তব প্রেম সাগরে

تیرے اغیار سے ہمکو چھوڑا کر ❁ ہمیں مست حضوری کر خدایا
সকল বস্তু মোদের হৃদয় থেকে তুমি ছাড় *
তোমার দারে হাজের হতে দেওয়ানা আমায় কর

نہ امریکہ نہ لندن سے ہو الفت ❁ ہمیں مست مدینہ کر خدایا
চাইনা আমি আমেরিকা প্রেম লন্ডন প্রিতি করা *
মাওলা! মোদের মদিনার প্রতি করো মতোয়ারা

نہ جرمن سے نہ جاپاں سے ہو نسبت ❁ ہمیں عشّاق کعبہ کر خدایا
চাইনা আমি জাপান তুষণ জার্মান প্রিতি করা *
মাওলা! মোদের করাও তোমার কা'বার পাগলপারা

از کلیات عزیزیؒ

মছনবীয়ে*

از فضائل اعمال

আল্লামা জামী (রহ.)

ز مہجوری برآمد جان عالم ❁ ترحم یا نبی اللہ ترحم

তোমার বিরহের ব্যথায় জগৎবাসীর প্রাণবের হওয়ার উপক্রম, দয়া কর নবী মেহেরবান।

نہ آخر رحمۃ للعالمینی ❁ ز محرومان چرا غافل نشینی

তুমি তো জগৎবাসীর রহমত বটে, বঞ্চিতদের ছেড়ে কেন বসে আছ তবে?

ز خاک اے لالہ سیراب برخیز ❁ چوں نرگس خواب چند از خواب برخیز

ওহে লালা! মাটির আবরণ থেকে ওঠ একবার,
নার্গিস ফুলের ন্যায় নিদ্রা ভেঙ্গে তাকাও একবার।

بروں آور سر از بر دیمانی ❁ کہ روئے تست صبح زندگی

ইয়ামনী চাঁদর ছেড়ে মস্তক বের কর হে, জিন্দেগীর সকাল তোমার চেহারায় লুকিয়ে আছে যে।

شب اندوہ ما را روز گرداں ❁ ز رویت روز ما فیروز گرداں

চিন্তাময় রাত্রি মোদের আলোময় কর, তোমার নূরের ঝলকে মোদের সকাল কর।

بہ تن در پوش عنبر بوئے جامہ ❁ بسر بر بند کافوری عمامہ

আম্বরী পোশাক একবার পরে নাও, কাফুরী পাগড়ী মাথায় বেঁধে নাও।

فروزد آویز از سر گیسواں را ❁ فگن سایہ بپا سروراں را

চুলের জুলফ নিচের দিকে ছেড়ে দাও, বড়দের তরে একটুখানি ছায়া দাও।

ادیم طائفے نعلین پاکن ❁ شراک از رشتہ جانہائے ماکن

চেহারার চামরা দিয়ে পায়ের জুতা বানাও,
আমাদের জীবনের সত্য দিয়ে জুতার ফিতা তৈয়ার কর।

جہانے دیدہ کردہ فرش رہ اند ❁ چوں فرش اقبال بابوس تو خواہند

জগৎবাসী রাস্তার ফরশ বানিয়েছে তাদের চক্ষুযুগল,
বিছানার মত তোমার পাপোশ বনবে তাদের প্রত্যাশা।

---

* মাওলানা নূরুদ্দীন আব্দুর রাহমান জামী (রাহ.), তিনি ইরানের অন্তর্গত খুরাসান প্রদেশের জাম জিনার খারজুরদ্ নামক ক্ষুদ্র শহরে ২৩শে শাবান ৮১৭হি. ৭ই নভেম্বর ১৪১৪ সনে জন্ম গ্রহণ করেন এবং ১৮ মুহার্‌রাম, ৮৯৮ হি. ৯ই নভেম্বর ১৪৯২ সনে হেরাতে ইন্তিকাল করেন। তিনি একজন উচ্চস্তরের ফারসী কবি বিখ্যাত আলীম ও উচ্চ পর্যায়ের সূফী, সাধক ছিলেন। (তথ্য সূত্রঃ ইসলামী বিশ্বকোষ, খন্ড-১১ পৃষ্ঠা-৩৫১)

ز حجرہ پائے در صحن حرم نہ ❁ بفرخاک رہ بوساں قدم نہ

কামরা থেকে বের হয়ে হরমের আঙ্গিনায় চরণ রাখুন,
রাস্তা চুম্বনকারীদের মাথায় চরণ রাখুন।

بدہ دستی ز پا افتادگاں را ❁ بکن دلدارئے دل دادگاں را

অসহায়দের প্রতি সহযোগিতার হস্ত প্রসারিত করুন, প্রেমিক-হৃদয়ের সুপ্ত বাসনা পূর্ণ করুন।

اگرچہ غرق دریائے گناہم ❁ فتادہ خشک لب بر خاک راہم

যদিও মোরা গুনাহের সাগরে রয়েছি ডুবন্ত, তৃষ্ণার্ত ওষ্ঠদ্বয় অধীর তোমার পদচুম্বনে।

تو ابر رحمتی آں سبہ کہ گاہے ❁ کنی بر حال لب خشکاں نگاہے

তুমি যে রহমতের জলধর, হয়তো বা কখনো, তৃষ্ণার্থ শুকনো ঠোঁটের পানে করিবে দৃষ্টিপাত ।

خوشا کر گردہ سویت رسیدیم ❁ بدیدہ گرد از کویت کشیدیم

তোমার সন্নিকটে পৌঁছেছি মোর পরম সৌভাগ্য, আঁখিযুগল তৃপ্তিভরে দেখছে তব অলিগলি

بمسجد سجدۂ شکرانہ کردیم ❁ چراغت را از جاں پروانہ کردیم

শুকরিয়ার সিজদা করেছি তোমার মসজিদ মাঝে,
পতঙ্গের মত প্রাণকে তোমার আলোর প্রেমিক বানিয়েছি।

بگرد روضہ ات گشتیم گستاخ ❁ دلم چوں پنجرۂ سوراخ سوراخ

শিষ্টাচার ভুলে তোমার রওজায় আশ পাশে শুধু ঘুরছি,
হৃদয়টা মোর পাখীর খাঁচার মত ছিদ্র আর ছিদ্র।

زدیم از اشک ابر چشم بے خواب ❁ حریم آستان روضہ ات آب

বিনিদ্র চোখের অশ্রুবিন্দু মোর চেহারা থেকে,
তোমার রওযার আস্তানার হরমে ঝরিয়েছি অবিরত।

گہے رفتیم زاں ساحت غبارے ❁ گہے چیدیم ز و خاشاک وخارے

কখনো বা ঐ দরবারের ধূলা কুড়িয়েছি, আবার কখনো বা খড়কুটা সেই দরবারে নিয়েছি।

ازاں نور سواد دیدہ دادیم ❁ وزیں بر ریش دل مرہم نہادیم

ঐ আলো থেকে কিঞ্চিত জ্যোতি সুরমা স্বরূপ চোখে দিয়েছি,
অন্তরের জখমে তার সাহায্যে ব্যান্ডেজ বেঁধেছি।

بسوئے منبرت رہ بر گرفتیم ❁ ز چہرہ پایہ اش در زر گرفتیم

তোমার মিম্বরের দিকে রাস্তা ধরেছি, তোমার পাদুকাস্থলে চেহারার অশ্রু ফেলেছি।

ز محرابت بسجدہ کام جستیم ❁ قدم گاہت بخون دیدہ شستیم

তোমার মেহরাবে সেজদা করে আশায় বুক বেঁধেছি,
তোমার জায়নামাজ চোখের রক্তে ধৌত করেছি।

بپائے ہر ستون قد راست کردیم ❁ مقام راستاں در خواست کردیم

প্রত্যেক পিলারের গোড়ায় অবস্থান করেছি,
সর্বস্থানে বিনায়বনত ক্রন্দন করে দরখাস্ত করেছি।

زداغ آرزویت یادل خوش ❁ زدیم از دل بہر قندیل آتش

সন্তুষ্ট চিত্তে তোমার আকাঙ্খার দাগ দিয়ে, মনের আগুন প্রত্যেক বাতিতে জ্বালিয়েছি।

کنوں گرتن نہ خاک آں حریم ست ❁ بحمد للہ کہ جاں آں جا مقیم ست

যদিও এখন আমার শরীর ঐ পবিত্র শহরে নেই,
আল্লাহর শুকর, প্রাণ সর্বদা সেখানেই পড়ে থাকে।

بخود درماندہ ام از نفس خود رائے ❁ ببیں درماندہ چندیں بہ بخشائے

আমি অপারগ গর্বকারী নফসের নিকট, দয়াবশত এমন অপারগ ব্যক্তিকে ক্ষমা করুন।

اگر نہ بود چو لطفت دست یارے ❁ ز دست ما نیاید ہیچ کارے

যদি না তোমার একটুখানি করুণা বর্ষে, মোদের বাসনা কস্মিকালেও পূর্ণ হবার নহে।

قضا می افگند از راہ مارا ❁ خدا را از خدا در خواہ مارا

নিয়তি মোদের রাস্তা থেকে করেছে সুদূরে নিক্ষিপ্ত,
আল্লাহর দোহাই, মোদের তরে প্রভুর দরবারে প্রর্থনা কর।

کہ بخشد از یقیں اول حیاتے ❁ دہد آنگہ بکار دیں ثباتے

যিনি প্রথম বার হায়াত দান করবেন, তিনিই দ্বীনের উপর অটল থাকার তৌফিক দিবেন।

چو ہول روز استا خیز خیزد ❁ بآتش آبروئے ما نہ ریزد

যখন কিয়ামত দিবসের ভয়াবহতা হবে কঠিনতম,
সেদিন অগ্নি দ্বারা আমাদের ইজ্জত বিনষ্ট করিও না।

کند باایں ہمہ گمراہئے ما ❁ ترا اذن شفاعت خواہئے ما

এতসব ভুলভ্রান্তি সত্ত্বেও মোরা, সেদিন তোমার সুফারিশের আকাঙ্ক্ষা করি।

چوں چو گاہ سر فگندہ آوری روئے ❁ بمیدان شفاعت امتی گوئے

সে সময়ও তুমি সেজদায় মাথাবনত, সুপারিশ করার মানসে উম্মাতী উম্মাতী বলবে।

بحسن اہتمامت کار جامی ❁ طفیل دیگراں باید تمامی

হে জামী! তোমার কার্য সুন্দর ভাবে, অন্যদের উসিলাই পূর্ণতা পাবে।

اے بسر پردہ یثرب بخواب ❁ خیز کہ شد مشرق و مغرب خراب

ইয়াসরবের মাটিতে মাথা গুজে, ঘুমে বিভোর তুমি,
পূর্ব পশ্চিম হয়েছে খারাপ, উঠ না একবার তুমি।

এ দোয়া সবসময় করা চাই[১০]

আল্লামা রূমি (রহ.)

ایں دعا بشنو ز بندہ کاے خدا ❁ ثروتے بے رنج روزی کن مرا

হে পরওয়ার্দিগার একটুখানি আকুতি শোন তোমার এই বান্দার,
কষ্ট বিহীন মুফত রিযিক দান কর আমায়।

چوں مرا تو آفریدی کاہلے ❁ زخم خوارے سست جنبے بنبلے

সৃষ্টি যখন তুমি আমায় করেছ দুর্বল,
জীর্ণ শীর্ণ ক্ষত বিক্ষত আর নিরালম্ব।

کاہلم من سایہ خسپم در وجود ❁ خفتم اندر سایۂ افضال وجود

অলস আমি সৃষ্টিলগ্নেই ছত্র ছায়ায় শায়িত,
তোমার দয়ায় তোমার কৃপায় সদা আমি শায়িত।

کاہلان و سایہ خسپاں را مگر ❁ روزۓ بنہادۂ نوع دگر

ক্লান্ত শ্লান্ত দুর্বল যারা ছায়ায় শুয়েপড়ে,
রিযিকও তাদের ব্যবস্থা কর তুমি অন্যভাবে।

کاہلم چوں آفریدی ای ملی ❁ روزیم دہ ہم ز راہ کاہلی

অলস সৃষ্টি যখন আমায় করেছ তুমি,
রিযিকও দাও আমায় অলসের ন্যায় হে অন্তরজামী।

چوں زمیں را پا نباشد جود تو ❁ ابر را راند بسوۓ اودو تو

জমিনের পা-না থাকার দরুণ তোমার করুণা হয়,
মেঘমালাকে সেথায় বর্ষণকরে সজিব রাখ সব সময়

ہر کرا پا ہست جوید روزۓ ❁ ہر کرا پا نیست کن دل سوزۓ

আপনি যাকে চরণ দিয়েছেন রিযিক সে তার অন্বেশন করে,
চরণ যাদের নেই সমূলে তাদের রাজ্জাক তুমি কৃপাময়।

رزق را میراں بسوۓ ایں حزیں ❁ ابر را باراں بسوۓ ہر زمیں

বিষণ্ন এই বান্দার তরে রিযিক তোমার প্রেরণ কর,
যমিনকুলের তরে তোমার মেঘমালাকে বর্ষণ কর।

---

[১০] তিনি হলেন আধ্যাত্মিক জগতের রাহবার মাওলানা জালালুদ্দীন রূমী (রহ.) আফগানিস্তানের বাল্‌খে ৬ই রবিউল আউয়াল ৬০৪ হিজরী মোতাবিক ৩০শে সেপ্টেম্বর ১২০৭ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন অতপর ৬৭২হি. ১২৭৩খৃ. পরলোক গমণ করে করেন। (তথ্য সূত্রঃ ইসলামী বিশ্বকোষ, খন্ড-১১ পৃষ্ঠা ৫১৬)

طفل راچوں پانباشد مادر ش ۞ آید وریزد وظیفہ بر سر ش

হাঁটা-চলার শক্তি যখন হয়না ছোট বাচ্ছাদের,
আহার করায় তাদের মাতা এমন বাচ্ছাদের।

طفل تا گیرا وتا پویا نبود ۞ مرکبش جز گردن پایا نبود

ধরা ছোঁয়া চলার শক্তি হয়না যখন বাচ্ছাদের,
তখন পিতা তাদের নিয়ে চলে এমন বাচ্ছাদের।

روزئے خواہم بنا گہ بے تعب ۞ کہ ندارم من زکوشش جز طلب

কষ্টবিহীন মুফত রিযিক চাচ্ছি আমি তোমার দ্বারে,
চাওয়া ছাড়া অন্য প্রয়াস নেই যে সম্বল আমার তরে।

از مناجات مقبول

মুনাজাতে

আল্লামা জুলফিকার আহমদ নক্‌শ বন্দি (দা.বা.)

ہوا و حرص والا دل بدل دے ۞ میرا غفلت میں ڈوبا دل بدل دے

লোভ লালসার কাতর হৃদয় বদলে দাও, নিদ্রা বিভোর হৃদয় আমার বদলে দাও।

بدل دے دل کی دنیا دل بدل دے ۞ خدایا فضل فرما دل بدل دے

বদলে দাও দিলের জগত বদলে দাও, দিলটাকে মোর দয়া করে বদলে দাও।

گنہگاری میں کب تک عمر کاٹوں ۞ بدل دے میرا رستہ دل بدل دے

আর কত কাল রইব পড়ে পাপের পথে, দিলটাকে মোর চালাও এবার পূন্য পথে।

سنوں میں نام تیرا دھڑکنوں میں ۞ مزا آجائے مولی دل بدل دے

শুনতে চাহি তোমার যিকির হৃদয় তানে, মরতে চাই খোদা আমি তোমার টানে।

کروں قربان اپنی ساری خوشیاں ۞ تو اپنا غم عطاء کر دل بدل دے

করতে চাহি বিলীন যত খুশির বহর, তোমার ব্যথায় আবাদ কর মোর দিলের শহর।

ہٹا لوں آنکھ اپنی ماسوی سے ۞ جیوں میں تیری خاطر دل بدل دے

পার্থিব সব লালসা থেকে বিমুখ আমায় কর,
তোমার প্রেমে খোদা আমায় মুগ্ধ সদা রাখ।

سہل فرما مسلسل یاد اپنی ۞ خدایا رحم فرما دل بدل دے

তোমার ধ্যানে মও থাকা দাওনা করে আসান,
করাও মোরে পিয়ালা ভরে বত প্রেমের সুধাপান।

پڑا ہوں تیرے در پر دل شکستہ ۞ رہوں کیوں دل شکستہ دل بدل دے

ভগ্ন হৃদয়ে রয়েছি পড়ে দরগাহে তোমার, দাওনা খোদা বদলে এবার হৃদয় আমার।

ترا ہو جاؤں اتنی آرزو ہے ۞ بس اتنی ہے تمنّا دل بدل دے

